

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৫/০৭/২৩ ইং।

সময় : ১১.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা কৃষি অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।


০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

উপজেলা কৃষি অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, বর্তমানে কৃষকগণের মধ্যে প্রনোদনা হিসাবে বীজ ও সার বিতরণ করার কাজ চলছে। এ কাজে স্থানীয় জনপ্রতিনিধিসহ সর্বস্তরের জনগন সহযোগিতা করছে। প্রনোদনার বীজ ও সার যাতে সঠিক ভাবে নির্বাচিত ব্যক্তির নিকট পৌঁছায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি গুরুত্বরূপ করেন। এছাড়া গ্রামের কৃষকগণের যে কোন সমস্যা তাৎক্ষণিক সমাধান করার এবং তাদেরকে উপযুক্ত পরামর্শ প্রদান করতে ইউনিয়ন উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ যাতে যথাযথ দায়িত্ব পালন করেন তা নিশ্চিত করার জন্য সভাপতি উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে ইতিবাচক মত প্রকাশ করেন।

সিদ্ধান্ত : গ্রামের কৃষকগণের যে কোন সমস্যা তাৎক্ষণিক সমাধান করার এবং তাদেরকে উপযুক্ত পরামর্শ প্রদান করতে ইউনিয়ন উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ যাতে যথাযথ দায়িত্ব পালন করেন তা নিশ্চিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ লিটন আহমেদ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি

শ্রীমঙ্গল, মৌলভীবাজার